# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৯৭. উট, গরু কিংবা ছাগলের স্তনে কয়েক দিনের দুধ একত্রে জমিয়ে রেখে সেগুলোকে কারোর নিকট বিক্রি করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَصُرُّوْا الْإِبِلَ وَالْغَنَمَ ، فَمَنِ ابْتَاعَهَا بَعْدُ فَإِنَّهُ بِخَيْرِ النَّظَرَيْنِ بَعْدَ أَنْ يَحْتَلِبَهَا : إِنْ شَاءَ أَمْسَكَ وَإِنْ شَاءَ رَدَّهَا وَصَاعَ تَمْرٍ ، وَفِيْ رِوَايَةٍ : صَاعًا مِنْ طَعَامٍ وَهُوَ بِالْخِيَارِ ثَلاَثًا ، وَفِيْ رِوَايَةٍ : صَاعًا مِنْ طَعَامٍ لاَ سَمْرَاءَ

“তোমরা উট ও ছাগলের দুধ কয়েক দিন যাবৎ স্তনে জমিয়ে রেখো না। এমন করার পরও কেউ যদি তা খরিদ করে তা হলে সে দুধ দোহনের পর দু’ মতের ভালোটি গ্রহণ করবে। যদি সে চায় পশুটি এমতাবস্থায় নিজের কাছে রেখে দিবে। আর যদি চায় তা ফেরত দিবে এবং তার সাথে এক সা’ (দু’ কিলো ৪০ গ্রাম) খেজুর। অন্য বর্ণনায় রয়েছে, এক সা’ খাদ্য এবং সে তিন দিন বিবেচনার সুযোগ পাবে। অন্য বর্ণনায় রয়েছে, এক সা’ খাদ্য। তবে গম নয়’’।[1]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ২১৪৮ মুসলিম, হাদীস ১৫২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11347

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন